শেখ হাসিনার উদ্যোগ

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মরিচাল, হুলারহাট, পিরোজপুর।
ইমেল নং-gmppbs @yahoo.com

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২০২৪ ৪৫২৬

তারিখঃ- ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৩ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **অত্র পবিসের কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ জীবন বীমা (১ম শ্রেণীর) করণের কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং-৩১/২০২৩-২০২৪)।**

১. পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির ৩০৫ জন কর্মকর্তা/কর্মচারীর ০৩ (তিন) বৎসর মেয়াদী গ্রুপ জীবন বীমা (১ম শ্রেণীর) করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. গ্রুপ বীমা (১ম শ্রেণীর) করার লক্ষ্যে সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিবরণ ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ জীবন বীমায় (১ম শ্রেণীর) নিম্নবর্ণিত কভারেজ থাকতে হবে-

(ক) কর্মরত অবস্থায় সাধারণ মৃত্যু।
(খ) কর্মরত অবস্থায় দুর্ঘটনায় মৃত্যু।
(গ) কর্মরত অবস্থায় স্থায়ী এবং সম্পূর্ন পঙ্গুত্ব।
(ঘ) কর্মরত অবস্থায় স্থায়ী এবং অংশিক পঙ্গুত্ব।
(ঙ) না দাবী বোনাস।

সর্বপ্রকার মৃত্যু ঝুঁকি বীমা, দূর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতি বীমা, দূর্ঘটনাজনিত কারণে স্থায়ী/আংশিক অংগহানি বীমা।

৪. বাংলাদেশ সরকার অনুমোদিত গ্রুপ বীমার Tariff Rules অনুযায়ী দর দাখিল করা না হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত কোটেশনের স্বপক্ষে বাংলাদেশ সরকার অনুমোদিত গ্রুপ বীমার Tarif Rules অনুযায়ী উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে।

৫. "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল ভালো করে পড়ে বুঝে যথাযথভাবে পূরণ করতে হবে। অন্যথায় কোটেশন দলিল বাতিল বলে গণ্য হবে।

৬. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' সমিতির ওয়েব সাইট **www.pbs.pirojpur.gov.bd**-হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে পিরোজপুর পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৭. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে কোটেশন ক) জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৮. কোটেশন দাখিল এবং গ্রুপ জীবন বীমা (১ম শ্রেণীর) করার ক্ষেত্রে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৯. সিলমোহরকৃত খাম আগামী ৩০-০৫-২০২৪ খ্রিঃ তারিখ এবং সময় ১২:০০ ঘটিকায় কোটেশন ৭ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "গ্রুপ জীবন বীমাকরণ" কথাটি লিখতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

১০. প্রাপ্ত কোটেশন সমুহ ৩০-০৫-২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় ৭ নং ক্রমিকে উল্লেখিত স্থানে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

১১. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১২. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৭ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১৩. সন্তোষজনকভাবে গ্রুপ জীবন বীমা (১ম শ্রেণীর) করার লক্ষ্যে ০৩ বছরের জন্য বীমা চুক্তি সম্পাদন করতে হবে। প্রথম বছরের বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ০১ বছরের প্রিমিয়াম পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১৪. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৫. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন নম্বর/আয়কর সনদের সত্যায়িত কপি ও হালনাগাদ বছরের আয়কর রিটার্ণ দাখিলের প্রমানক, কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অথবা বাংলাদেশ বীমা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের কপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৬. মূল্যায়ণ কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৭. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ণ কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৮. বীমার ধরণ হবে গ্রুপ জীবন বীমা (৩ নং ক্রমিকে উল্লেখিত সকল প্রকার ঝুঁকি)। কোন প্রকার ঝুঁকি বাদ দিয়ে দর দাখিল করা যাবে না।

১৯. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ)দিনের মধ্যে নির্ধারিত তারিখ হতে কার্যকর করে বীমা চুক্তি সম্পাদন করতে হবে।

২০. নির্ধারিত তারিখের মধ্যে চুক্তি সম্পাদন ও বীমায় অন্তর্ভূক্তি করণের কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিলপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

২১. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২২. দরপত্র দাখিলের পূর্বে যানবাহ বিমাকরণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম (প্রশাসন) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৩. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে গ্রুপ জীবন বীমাকরণ এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত কার্যসম্পাদন করার পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে বীম চুক্তি সম্পাদন করতে হবে।

২৪. অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। কোন কারণ ব্যতিরেকে এতদসংক্রান্ত যে কোন দরপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

23-05-24
(সূর্য্য নারায়ন ভৌমিক)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর , বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, পিরোজপুর/বরগুনা।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর/বরগুনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। মেয়র, পৌরসভা, পিরোজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পিরোজপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর/বরগুনা।

(০৩–০৯) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা নির্বাহী অফিসার,......................................পিরোজপুর/বরগুনা।
১১। ডিজিএম, (সদর-কারিগরী)/স্বরুপকাঠী/নাজিরপুর/পাথরঘাটা/মঠবাড়ীয়া জোনাল অফিস, পিপবিস।
১২। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/বামনা/জগন্নাথকাঠি সাব-জোনাল অফিস, পিপবিস।
১৩। এজিএম (অর্থ/আইটি), পিপবিস [এজিএম (আইটি) ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
১৪। মেসার্স ....।
১৫। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

23-05-24
(সূর্য্য নারায়ন ভৌমিক)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)।